



## শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা



শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ১৪ ডিসেম্বর-২০২১, মঙ্গলবার সকাল ১১.৩০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সংগীত বিভাগের উদ্যোগে সংগীত পরিবেশনার মধ্যদিয়ে আলোচনা সভার কার্যক্রম শুরু হয়। সভার শুরুতে মহান মুক্তিযুদ্ধে শহীদ বুদ্ধিজীবী ও মুক্তিযোদ্ধাদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

আলোচনার সভায় প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বক্তব্য প্রদান করেন।

ডেপুটি রেজিস্টারের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, ছাত্র-কল্যাণ পরিচালক অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, জগন্নাথ



বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মোঃ ছিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান, প্রক্টর ড. মোস্তফা কামাল, কর্মকর্তা সমিতির সভাপতি মোঃ জহুরুল ইসলাম, কর্মচারী সমিতির সভাপতি এরশাদ মিয়া প্রমুখ।

এছাড়াও আলোচনা সভায় শহীদ বুদ্ধিজীবী মূনির চৌধুরী-এর পুত্র আসিফ মূনির তন্ময় এবং রাশিদ-উল-হাসান-এর কন্যা রোকাইয়া মিলি মুখ্য বক্তা হিসেবে বক্তব্য প্রদান করেন। বক্তারা বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের দ্রুত বিচারের জন্য সরকারের কাছে জোড় দাবি জানান। সেই সাথে পাঠ্যপুস্তকে শহীদ বুদ্ধিজীবী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক বিশদ আলোচনা অন্তর্ভুক্ত করার দাবি জানানো হয়।